
কালের কণ্ঠ

13-JAN 2015
২০ … ০৩



ছবি : কালের কণ্ঠ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল। প্রতিষ্ঠানের ৪৯তম সমাবর্তন আয়োজন হচ্ছে এখানেই।

# সম্মাননাপ্রাপ্তরা ঢাবিকেও সম্মানিত করে গেছেন

আপেল মাহমুদ ▷

অস্ট্রেলিয়ান আইনজীবী ও জেনেভাভিত্তিক মেধাস্বত্ব সংগঠন ওয়ার্ল্ড ইন্টেলেকচুয়াল প্রোপার্টি অর্গানাইজেশনের (ডাব্লিউআইপিও) মহাপরিচালক ফ্রান্সিস গ্যারিকে ডক্টর অব লজ সম্মানজনক ডক্টরেট ডিগ্রি দিচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)। আজ মঙ্গলবার প্রতিষ্ঠানটির ৪৯তম সমাবর্তন অনুষ্ঠানের মাধ্যমে তাঁকে এ সম্মাননা দেওয়া হচ্ছে। প্রথা অনুযায়ী তিনি সমাবর্তন অনুষ্ঠানে মূল বক্তব্য পেশ করবেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন রাষ্ট্রপতি অ্যাডভোকেট আবদুল হামিদ। তিনি ডিগ্রিপ্রাপ্তদের হাতে সনদ তুলে দেবেন। ফ্রান্সিস গ্যারি দীর্ঘদিন ধরে

▶▶ পৃষ্ঠা ৮ ক. ৬

ঢাবির সমাবর্তন আজ

# উচ্চশিক্ষা পর্বের এক অধ্যায়ের সমাপনী স্বীকৃতি

রফিকুল ইসলাম ▷

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪৯তম সমাবর্তন অনুষ্ঠিত হচ্ছে আজ মঙ্গলবার। সাফল্যগাথা স্নাতক ও স্নাতকোত্তর পর্বের শিক্ষাজীবনের আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি পাচ্ছেন ছয় হাজার ১০৪ শিক্ষার্থী। বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি আবদুল হামিদ অ্যাডভোকেটের হাত থেকে তাঁরা গ্রহণ করবেন সেই স্বীকৃতি। দিনটিকে ঘিরে স্বভাবতই উৎফুল্ল নতুন গ্র্যাজুয়েটেরা। তাঁরা অপেক্ষায় আছেন কালো গাউন শরীরে জড়িয়ে ও মাথায় ক্যাপ পরে স্মৃতির বন্ধনে দিনটিকে আবদ্ধ করার জন্য।

সমাবর্তনকে ঘিরে গতকাল ক্যাম্পাসের প্রতিটি প্রাঙ্গণেই ছিল গ্র্যাজুয়েটদের ভিড়। কার্জন হল, রাজু ভাস্কর্য, টিএসসি, অপরাজেয় বাংলা, দোয়েল চত্বর ও শহীদ মিনার প্রাঙ্গণে ছিল তাঁদের ব্যাপক উপস্থিতি। গতকাল সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত ক্যাম্পাসে দেখা গেছে সতীর্থদের সঙ্গে গ্র্যাজুয়েটের পোশাক পরে হুল্লোড় আর ঘুরে বেড়ানোর চিত্র। ক্যাম্পাসের

▶▶ পৃষ্ঠা ৮ ক. ৪